

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপত্র (৫ম খন্ড)/২০১৯/২৬৫

তারিখঃ

১৭ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

০১. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, বিনিয়োগকারী, পলিসি হোল্ডার এবং সামগ্রিক পুঁজিবাজারের সুরক্ষার জন্য ফার ইস্ট ইসলামী লাইফ ইস্যুরেন্স কোম্পানি লিঃ এ ১০(দশ) জন স্বতন্ত্র পরিচালক (Independent Director) মনোনীত এবং নিযুক্ত করেছে যারা কোম্পানির নতুন পরিচালনা পর্ষদ গঠন করবে। এছাড়াও কমিশন কোম্পানির বর্তমান পরিচালনা পর্ষদকে অনতিবিলম্বে অপসারণের নির্দেশ প্রদান করেছে।

পুনর্গঠিত পরিচালনা পর্ষদ ড. মুহাম্মদ রহমতউল্লাহকে বোর্ডের চেয়ারম্যান নির্বাচিত করবে এবং কর্পোরেট গভর্ন্যান্স কোড-২০১৮ পরিপালন সাপেক্ষে শুধুমাত্র স্বতন্ত্র পরিচালকের সমন্বয়ে একটি নিরীক্ষা কমিটি গঠন করবে ও একটি নমিনেশন ও রিমুন্যারেশন কমিটি গঠন করবে।

পুনর্গঠিত পরিচালনা পর্ষদ আগামী ৬ (ছয়) মাসের মধ্যে কোম্পানীর শীর্ষ ব্যবস্থাপনা পুনর্গঠন করবে, কর্পোরেট ক্যাশ ও সম্পদ ফিরিয়ে আনবে এবং যারা গত ১০ (দশ) বছরে ফার ইস্ট ইসলামী লাইফ ইস্যুরেন্স কোম্পানি লিঃ এ আর্থিক অপরাধ এবং মানি লন্ডারিং করেছে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।

পুনর্গঠিত পরিচালনা পর্ষদ এই মর্মে নিশ্চিত করবে যে, কোম্পানির সাথে তাদের কোন স্বার্থ সংশ্লিষ্ট সম্পর্ক নেই এবং কর্পোরেট গভর্ন্যান্স কোড-২০১৮, বীমা আইন-২০১০ ও অন্যান্য সিকিউরিটিজ আইন পরিপালন করবে।

০২. দেশব্যাপী করোনা ভাইরাসের সংক্রমন বেড়ে যাওয়ায় এবং সংক্রমন রোধে সরকার ঘোষিত বিধি-নিষেধ/লকডাউন এর ফলে নিম্ন আয়ের বিভিন্ন শ্রেণী পেশার মানুষ কর্মহীন হয়ে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়।

করোনায় ক্ষতিগ্রস্ত দুষ্ট ও অসহায় মানুষের মানবিক সহায়তার জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক মাসব্যাপী "খাদ্য সামগ্রী বিতরণ কর্মসূচি" গ্রহণ করা হয়। কমিশন কর্তৃক গৃহীত কর্মসূচির আওতায় "জাতির জনক শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট" এর সামনে, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, নাখালপাড়া, কড়াইল এবং আগারগাঁও এলাকায় খাদ্যসামগ্রী (চাল, ডাল, তেল, চিনি ও লবন) বিতরণ করা হয়।

২৭ আগস্ট ২০২১ তারিখে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে ক্যাম্পাসের কর্মহীন দোকানদার, রিক্রাচালক, ডাইনিং ও ক্যান্টিন এর কর্মচারী এবং ক্যাম্পাস সংলগ্ন অসহায় ২০০ পরিবারকে কমিশনের পক্ষ হতে খাদ্য সহায়তা প্রদান করা হয়। কমিশন কর্তৃক গৃহীত কর্মসূচি সফল করতে আন্তরিক সহযোগীতা প্রদান করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, সহকারী প্রক্টরগণ এবং শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারী।

২৮ আগস্ট ২০২১ তারিখে ধানমন্ডি-৩২ এ "জাতির জনক শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট" এর সামনে করোনায় বিপর্যস্ত ২০০ পরিবারকে কমিশনের পক্ষ হতে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। কমিশন কর্তৃক গৃহীত

Ruam

Page 1 of 2

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

কর্মসূচি সফল করতে আন্তরিক সহযোগীতা প্রদান করেন সাবেক ছাত্রনেতাদের সামাজিক সংগঠন “আমরা ৩২ বাসী”।

২৮ আগস্ট ২০২১ তারিখে ১০০ পরিবারকে খাদ্যসহায়তা দেয়ার লক্ষ্যে জেলা প্রশাসক, ঢাকা এর দপ্তরে খাদ্যসামগ্রী সরবরাহ করা হয়। জেলা প্রশাসক, ঢাকা এর তত্ত্বাবধানে উক্ত খাদ্যসহায়তা প্রদান করা হচ্ছে।

২৯ আগস্ট ২০২১ তারিখে নাখালপাড়া, ঢাকায় দূস্থ ও অসহায় ২০০ পরিবারকে কমিশনের পক্ষ হতে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। কমিশন কর্তৃক গৃহীত কর্মসূচি সফল করতে সার্বিক সহযোগীতা প্রদান করে শহীদ বুদ্ধিজীবী স্মৃতি পাঠাগার।

৩০ আগস্ট ২০২১ তারিখে কড়াইল, ঢাকায় দূস্থ ও অসহায় ২০০ পরিবারকে কমিশনের পক্ষ হতে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। কমিশন কর্তৃক গৃহীত কর্মসূচি সফল করতে সার্বিক সহযোগীতা প্রদান করে শহীদ রুমী স্মৃতি পাঠাগার।

৩১ আগস্ট ২০২১ তারিখে আগারগাঁও, ঢাকায় দূস্থ ও অসহায় ১০০ পরিবারকে কমিশনের পক্ষ হতে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। কমিশন কর্তৃক গৃহীত কর্মসূচি সফল করতে সার্বিক সহযোগীতা প্রদান করে শহীদ বুদ্ধিজীবী স্মৃতি পাঠাগার।

Reza
01-09-2021

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র